**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 31-03-2026** **Desk in Charge : SDG**

**Time:- 7-50 PM** **EDIT. & Compile. : DSS**

**DEO: KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ ফর্ম-সিক্স জমা দেওয়াকে কেন্দ্র করে ওঠা অভিযোগ ও বিতর্কের প্রসঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর অবস্থান স্পষ্ট করে জানিয়েছে, সরকারি অফিসে যেকোন ব্যক্তি ইচ্ছেমত সংখ্যায় যেকোন ফর্ম জমা দিতে পারেন। # 'ফর্ম-সিক্স' জমা পড়াকে ঘিরে বিপুল অনিয়মের অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি লিখেছেন।

২/ ফর্ম ৬ জমা দেওয়া নিয়ে অভিযোগকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস পন্থী বিএলও এবং বিজেপি কর্মীদের মধ্যে বিক্ষোভ ও পাল্টা বিক্ষোভকে কেন্দ্র করে কলকাতার স্ট্র্যান্ড রোডে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের নতুন দফতর চত্বর আজ রণক্ষেত্রের চেহারা নেয় ।

৩/ বিজেপি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে 'আদর্শ আচরণ বিধি' ভঙ্গের অভিযোগ জানিয়েছে।

৪/ রাজ্য বিধানসভা নির্বাচনের জন্য বিজেপি, ১৩ জন প্রার্থীর চতুর্থ তালিকা প্রকাশ করেছে।

৫/ *৬০০ কোটির সাইবার প্রতারণা মামলায় রাজ্য পুলিশ, শিল্পপতি পবন রুইয়াকে আজ গ্রেফতার করেছে।

৬/ সারা দেশের সঙ্গে এরাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মহাবীর জয়ন্তী উদযাপিত হচ্ছে।

*****************************************************************************

ফর্ম ৬ জমা দেওয়াকে কেন্দ্র করে ওঠা অভিযোগ ও বিতর্কের প্রসঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর অবস্থান স্পষ্ট করেছে। আজ সন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, সরকারি অফিসে যে কোনও ব্যক্তি ইচ্ছামতো সংখ্যায় নথি জমা দিতে পারেন—তার উপর কোনও বিধিনিষেধ নেই। তিনি আরো বলেছেন, ফর্ম ৬ জমা দেওয়ার প্রক্রিয়া এখন সারা বছর ধরে চলে। আগে বছরে নির্দিষ্ট কয়েকটি সময়ে এই ফর্ম জমা দেওয়া যেত, কিন্তু সংশোধিত নিয়ম অনুযায়ী এখন যে কোনও দিন আবেদন করা যায়। তবে নির্বাচনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ শর্ত রয়েছে—মনোনয়ন জমার শেষ দিনের ১০ দিন আগে পর্যন্ত যে ফর্ম জমা পড়বে এবং নিষ্পত্তি হবে, শুধুমাত্র সেগুলিই সংশ্লিষ্ট নির্বাচনের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে পারে। একইসঙ্গে মুখ্য নির্বাচনী আধিকারিক স্পষ্ট করে দিয়েছেন, তাঁদের দফতরে এমন কোনও সফটওয়্যার বা ক্ষমতা নেই, যার মাধ্যমে সরাসরি কোনও ভোটারের নাম তালিকায় যুক্ত বা বাদ দেওয়া যায়। এ ধরনের সমস্ত প্রক্রিয়া সম্পন্ন হয় নির্দিষ্ট নিয়ম মেনে জেলা নির্বাচন আধিকারিক (DEO) এবং নির্বাচনী নিবন্ধন আধিকারিক (ERO)-দের মাধ্যমে। দফতরের বক্তব্য, কোনও অভিযোগ বা নথি এলে তা সংশ্লিষ্ট DEO-র কাছে পাঠানো হয় এবং আইন অনুযায়ী তদন্ত ও সিদ্ধান্ত নেওয়া হয়। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, সম্প্রতি হুগলি ও হাওড়া থেকে কিছু ব্যক্তি দফতরে এসে ফর্ম জমা দেওয়ার চেষ্টা করেন বলে অভিযোগ উঠেছে। সেই অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।

***************************

ভোটার তালিকায় নতুন করে নাম তোলার আবেদন পত্র বা'ফর্ম ৬' জমা পড়াকে কেন্দ্র করে বিপুল অনিয়মের অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মুখ্য নির্বাচন কমিশনার ইতমধ্যেই জ্ঞানেশ কুমারকে চিঠি লিখেছেন।

এর আগে SIR ইস্যুতে মুখ্যমন্ত্রী হিসাবে কমিশনকে একাধিক চিঠি দিলেও তৃণমূল কংগ্রেস চেয়ার পার্সন হিসেবে এটিই তাঁর প্রথম চিঠি। তৃণমূল কংগ্রেস নেত্রী ওই চিঠিতে দাবি করেছেন, ভোটার তালিকায় নাম তোলার জন্য সন্দেহজনকভাবে বিপুল আবেদন জমা পড়ছে। এরাজ্যের ভোটার তালিকায় বহিরাগতদের নাম অন্তর্ভুক্ত করার চেষ্টা চলছে, যা গণতান্ত্রিক প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে।

****************************

ফর্ম ৬ জমা দেওয়া নিয়ে অভিযোগকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস পন্থী বিএলও এবং বিজেপি কর্মীদের মধ্যে বিক্ষোভ ও পাল্টা বিক্ষোভকে কেন্দ্র করে কলকাতার স্ট্র্যান্ড রোডে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের নতুন দফতর চত্বর আজ রণক্ষেত্রের চেহারা নেয়। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন-

( ভিসি – অভিরূপ )

****************************

বিধানসভা ভোটের প্রস্তুতি পর্ব খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের রোল অবর্জারভার সুব্রত গুপ্ত আজ পূর্ব বর্ধমানে যান। সঙ্গে ছিলেন পুলিশ অবর্জারভার একে মিশ্র। তাঁরা বর্ধমান থানায় এক উচ্চ পর্যায়ের প্রশাসনিক বৈঠক করেন। সেখানে অবাধ, শান্তিপূর্ণ, স্বচ্ছ ও নিরপেক্ষ ভোট গ্রহণ সম্পন্ন করার লক্ষ্যে বৈঠকে একাধিক গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

****************************

বিজেপি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে ‘আদর্শ আচরণ বিধি’ ভঙ্গের অভিযোগ জানিয়েছে। কলকাতায় আজ রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের নেতৃত্বে এক প্রতিনিধি দল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে এক চিঠিতে ময়নাগুড়ির এক জনসভায় মুখ্যমন্ত্রীর বক্তব্য তুলে ধরে। ওই জনসভায় মুখ্যমন্ত্রী, ‘ভোটের পর বিজেপি কর্মীদের, দলের সঙ্গে আর কোন যোগাযোগ নেই’ এই মর্মে পোস্টার লাগাতে হবে বলে উল্লেখ করেন।

এভাবে বিজেপি কর্মী সমর্থকদের সরাসরি হুমকি দেওয়া হচ্ছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, মুখ্যমন্ত্রীর বক্তব্যের দুটি ক্লিপ ও ভাষণের পেনড্রাইভ তাঁরা জমা দিয়েছেন।

( বাইট- শুভেন্দু )

তাঁর আরো অভিযোগ, বিজেপির বিভিন্ন নেতাদের ফোনের লোকেশন ট্র্যাক করা হচ্ছে। এসটিএফ, আইবি এবং ডিরেক্টর অফ সিকিউরিটির বিরুদ্ধে নির্বাচন কমিশনকে হস্তক্ষেপ করতে হবে বলে’ও শ্রী অধিকারী দাবি করেন।

****************************

রাস বিহারী বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মাজেরহাট কলোনিতে নির্বাচনী প্রচারে দলীয় ব্যানার দুষ্কৃতীরা ছিঁড়ে ফেলেছে বলে অভিযোগ করেছেন প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক ও রাসবিহারী বিধানসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী আশুতোষ চ্যাটার্জি।

****************************

রাজ্য বিধানসভা নির্বাচনের জন্য বিজেপি আজ, ১৩ জন প্রার্থীর চতুর্থ তালিকা প্রকাশ করেছে। এদের মধ্যে আছেন, চৌরঙ্গী কেন্দ্রে কংগ্রেস থেকে সদ্য বিজেপিতে যোগ দেওয়া সন্তোষ পাঠক, উত্তর ২৪ পরগনার বাগদায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের স্ত্রী সোমা ঠাকুর এবং বর্ধমানে মেমারি কেন্দ্রে সাংবাদিক মানব গুহ।

এদিকে, বিখ্যাত টেনিস তারকা লিয়েন্ডার পেজ আজ বিজেপি-তে যোগদান করেছেন। নতুন দিল্লিতে দলের সদর দফতরে কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজুর উপস্থিতিতে তিনি বিজেপিতে যোগ দিয়েছেন।

অন্যদিকে, হাওড়া গ্রামীণ এলাকার জন্য পাঁচ SUCI প্রার্থীর নাম ঘোষণা করেছে। বাগনানে বচন বিশ্বনাথ পেরা, আমতায় সঞ্জীব সাঁতরা, শ্যামপুরে অলোক দলপতি , উলুবেরিয়া-পূর্ব কেন্দ্রে সুখেন মন্ডল ও উলুবেরিয়া-দক্ষিণে জয়ন্ত খাটুয়া-কে প্রার্থী করা হয়েছে।

****************************

ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে, রাজ্যে প্রচার ক্রমশঃ জোরদার হয়ে উঠছে। তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী আজ বাঁকুড়ার বিষ্ণুপুর ও পশ্চিম মেদিনীপুরের গড়বেতায় জনসভা করেন। বিষ্ণুপুরের সভা থেকে মুখ্যমন্ত্রী বিজেপির সমালোচনা করে বলেন, ভিন রাজ্যের ভোটার এনে তারা বাংলা দখলের ছক কষছে।

অন্যদিকে, শিলিগুড়ির বিজেপি প্রার্থী শংকর ঘোষ আজ সেখানে এক সভায় সরকারি কর্মচারীদের বেতন বৃদ্ধি, শূন্যপদ পূরণ এবং পরিকাঠামো উন্নয়নকেই প্রচারের প্রধান অঙ্গ হিসেবে তুলে ধরেন।

****************************

‘স্কুল বাঁচাও, মূল বাঁচাও শিক্ষা বাঁচাও, বাংলা বাঁচাও’- এই স্লোগানকে সামনে রেখে আসন্ন বিধানসভা নির্বাচনে বাম প্রার্থীদের সমর্থনে ছাত্র সংগঠন-SFI-এর পক্ষ থেকে

আজ এডুকেশন ম্যানিফেস্টো প্রকাশ করা হয়। কলকাতায় SFI-এর কেন্দ্রীয় কার্য নির্বাহী কমিটির সদস্য আকাশ কর, শুভজিৎ সরকার, বর্ণনা মুখোপাধ্যায়ের উপস্থিতিতে রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে এই ইশতেহার প্রকাশ করেন।

******************************

৬০০ কোটির সাইবার প্রতারণা মামলায় রাজ্য পুলিশ, শিল্পপতি পবন রুইয়াকে আজ গ্রেফতার করেছে। পশ্চিমবঙ্গ পুলিশের সাইবার অপরাধ দমন শাখা, আজ নিউ টাউনের একটি হোটেলের সামনে থেকে তাঁকে গ্রেফতার করে। আগামীকাল তাকে বিধাননগর এসিজেএম আদালত-এ তোলা হবে।

******************************

এনফোর্সমেন্ট নির্দেশালয়–ইডি, কয়লা পাচার কেলেঙ্কারির মামলায় কলকাতা পুলিশের বিশেষ ব্রাঞ্চ এর ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাস কে জিজ্ঞাসাবাদের জন্যে তলব করেছে। অর্থ তছরুপ প্রতিরোধ আইন–PMLA-এর আওতায় তাঁকে জেরা করা হবে। আগামী ৬ই এপ্রিল সকাল ১১ টায় তাঁকে দিল্লিতে ইডি-র দপ্তরে হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

******************************

সারা দেশের সঙ্গে এরাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মহাবীর জয়ন্তী উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রমুখ, এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

******************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'গ্রামীণ যুবকদের নতুন আয়ের উৎস হয়ে উঠছে উন্নত জাতের মুরগি পালন' । এই নিয়ে হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি সম্প্রসারণ বিভাগের বিষয়বস্তু বিশেষজ্ঞ ডক্টর সৈকত সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**************************************************************************